# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয় )

## For Procurement of Goods

(Request for Quotation Method)

| আরএফকিউ নং -২১/২২-২৩ |
|---|

ISO 9001:2015 Certified

# হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

**" এলটি রি-ওয়েল্ডিং মেশিন " সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র**

**(RFQ)**

---

**প্রশাসন বিভাগ**

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

web: pbs.habiganj.gov.bd

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস

জেনারেল ম্যানেজার

হবিগঞ্জ পবিস।

**হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

**শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।**

স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০১.০৩৮.২৩.৯৮৩২

১৯চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ

তারিখঃ

০২এপ্রিল ২০২৩ খ্রিঃ

প্রতি

.....................................................................................................................................................

বিষয়ঃ- কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) পদ্ধতিতে অত্র পবিসের অনুকূলে এলটি-রি ওয়েল্ডিং মেশিন সরবরাহেরজন্য দরপত্র বিজ্ঞপ্তি (দরপত্র নং-২১ /২০২২-২০২৩)।

১. হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় এলটি-রি ওয়েল্ডিং মেশিন সরবরাহের লক্ষ্যে "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতির মাধ্যমে ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs.habigonj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে হবিগঞ্জ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ০৯/০৪/২০২৩খ্রিঃ **তারিখ এবং সময়**-১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে"এলটি- রিওয়েল্ডিং মেশিন সরবরাহের জন্য কোটেশন"০৯/০৪/২০২৩ খ্রিঃ **তারিখ** বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ০৯/০৪/২০২৩খ্রিঃ **তারিখ** বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট www.pbs.habigonj.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১৫(পনের)দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট মালামাল সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকারসংরক্ষণ করে।

১৮. মালামালসমূহ অত্র পবিসের সদর দপ্তর, শায়েস্তাগঞ্জে সরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত মালামাল সমূহ অবশ্যই সরবরাহের পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষকে মালামালের নমুনা দেখিয়ে অনুমোদন গ্রহণ করতঃ সরবরাহ নিশ্চিত করতে হবে।

( প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস )

জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।**

০১। ডিজিএম, লাখাই জোনাল অফিস,হপবিস।

**০২। এজিএম(ওএন্ডএম/অর্থ-হিসাব), হপবিস।**

**০৩। সহকারী প্রকৌশলী, বাপবিবো, সাইট অফিস,শায়েস্তাগঞ্জ।**

**০৪। এজেই (আইটি), হবিগঞ্জ পবিস ( ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।)**

বর্ণিত সময়ে দরপত্র উন্মুক্তকরণ/মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধ সহ।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্রগ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশেরজন্য সদয় অনুরোধ করা হলো)।

০৩। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক-১২ (২য় ফ্লোর), শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ( সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৪। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

০৫। পুলিশ সুপার, হবিগঞ্জ।

০৬। তত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।

০৭। মেয়র, শায়েস্তাগঞ্জ পৌরসভা, শায়েস্তাগঞ্জ।

০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার --------------- ,পবিস-১/২/৩/৪।

০৯। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়ীয়া।

১০। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, হবিগঞ্জ।

১১। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................হবিগঞ্জ ।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারেরজন্য অনুরোধ করা হলো।

১২। ডিজিএম, নোয়াপাড়া/নবীগঞ্জ/বানিয়াচং/চুনারুঘাট জোনাল অফিস/সদর-কারিগরী, হবিগঞ্জ পবিস।

১৩। এজিএম(ওএন্ডএম), বাহুবল/আজমিরীগঞ্জ/মাধবপুর/ইনাতগঞ্জ সাব জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।

১৪। মেসার্স--------------------------------------------।

১৫। নোটিশ বোর্ড, হপবিস।

১৬। অফিস কপি/মাস্টার কপি।

( প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস )
জেনারেল ম্যানেজার